

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৫, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০১ মাঘ ১৪২১/১৪ জানুয়ারি ২০১৫

নং-০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৫.০১১—গত ৮ জানুয়ারি ২০১৫ তারিখে নিউইয়র্কস্থ জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিত নির্বাচনে বাংলাদেশ ইউএন উইমেন-এর ভাইস-প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছে। নারী উন্নয়ন, নারীর ক্ষমতায়ন ও জেডার সমতা প্রতিষ্ঠার লক্ষ্যে জাতিসংঘ কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসূচির সমন্বয় এবং এ সকল কার্যক্রমকে আরও ফলপ্রসূ করার জন্য ২০১০ সালে 'ইউএন উইমেন' গঠন করা হয়। নির্বাহী বোর্ডের দিক-নির্দেশনায় এ সংস্থার যাবতীয় কার্যক্রম পরিচালিত হয়।

২। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে নারীর উন্নয়ন ও ক্ষমতায়নের ক্ষেত্রে বাংলাদেশ যে অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে, ইউএন উইমেন-এর নির্বাহী বোর্ডের ভাইস প্রেসিডেন্ট হিসাবে বাংলাদেশের নির্বাচন তারই স্বীকৃতি। বন্ধু-প্রতিম দেশসমূহের সমর্থন ও সহযোগিতার ফলেই বাংলাদেশ এ নির্বাচনে জয়ী হতে পেরেছে। এ ক্ষেত্রে পররাষ্ট্র মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং নিউইয়র্কস্থ বাংলাদেশ স্থায়ী মিশনের আন্তরিক প্রচেষ্টা প্রশংসনীয়।

৩। ইউএন উইমেন নির্বাহী বোর্ডের ভাইস-প্রেসিডেন্ট পদে নির্বাচন আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের সুদৃঢ় অবস্থান এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি বিশ্ব-সম্প্রদায়ের শ্রদ্ধাবোধের প্রতিফলন। এ নির্বাচন আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের সম্মান আরও সুসংহত করেছে। এ নির্বাচনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৯ পৌষ ১৪২১/১২ জানুয়ারি ২০১৫ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়েছে।

৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৯ পৌষ ১৪২১/১২ জানুয়ারি ২০১৫ তারিখের বৈঠকে গৃহীত প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা  
মন্ত্রিপরিষদ সচিব

( ৩০১ )

মূল্য : টাকা ৪.০০

### মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা : ২৯ পৌষ ১৪২১  
১২ জানুয়ারি ২০১৫

গত ৮ জানুয়ারি ২০১৫ তারিখে নিউইয়র্কস্থ জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিত নির্বাচনে বাংলাদেশ ইউএন উইমেন-এর ভাইস-প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছে। নারী উন্নয়ন, নারীর ক্ষমতায়ন ও জেডার সমতা প্রতিষ্ঠার লক্ষ্যে জাতিসংঘ কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসূচির সমন্বয় এবং এ সকল কার্যক্রমকে আরও ফলপ্রসূ করার জন্য ২০১০ সালে 'ইউএন উইমেন' গঠন করা হয়। নির্বাহী বোর্ডের দিক-নির্দেশনায় এ সংস্থার যাবতীয় কার্যক্রম পরিচালিত হয়।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে নারীর উন্নয়ন ও ক্ষমতায়নের ক্ষেত্রে বাংলাদেশ যে অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে, ইউএন উইমেন-এর নির্বাহী বোর্ডের ভাইস-প্রেসিডেন্ট হিসাবে বাংলাদেশের নির্বাচন তারই স্বীকৃতি। বন্ধু-প্রতিম দেশসমূহের সমর্থন ও সহযোগিতার ফলেই বাংলাদেশ এ নির্বাচনে জয়ী হতে পেরেছে। এ ক্ষেত্রে পররাষ্ট্র মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং নিউইয়র্কস্থ বাংলাদেশ স্থায়ী মিশনের আন্তরিক প্রচেষ্টা প্রশংসনীয়।

ইউএন উইমেন নির্বাহী বোর্ডের ভাইস-প্রেসিডেন্ট পদে নির্বাচন আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের সুদৃঢ় অবস্থান এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি বিশ্ব-সম্প্রদায়ের শ্রদ্ধাবোধের প্রতিফলন। এ নির্বাচন আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের সম্মান আরও সুসংহত করেছে। এ নির্বাচনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)